

অথবা, উপাত্ত ব্যবহার করে একটি স্তম্ভ লেখ আঁক। যার শিরোনাম হবে “যানবাহনের সংখ্যা”

যানবাহন	সংখ্যা
বাইসাইকেল	৩
কার	২
মোটর সাইকেল	৫
বাস	৭
সিএনজি	৪
মোট	২১

দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

বার্ষিক পরীক্ষা/২০২০

শ্রেণি : চতুর্থ

বিষয় : প্রাথমিক গণিত

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান : ১০০

১। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও :

২০ × ১ = ২০

- ১) এক মিলিয়ন কত লক্ষ ?
 - ২) এক অযুত সমান কত মিলিয়ন ?
 - ৩) বিয়োজন নির্ণয়ের সূত্রটি লিখ।
 - ৪) বিয়োজ্য নির্ণয়ের সূত্রটি লিখ।
 - ৫) $৪৫ \times ১৫ = \square$ ফাঁকা ঘরে কত হবে ?
 - ৬) $৭৫ \times ৭ =$ কত ?
 - ৭) ভাজ্য ৪৯০, ভাজক ৭০, ভাগফল কত ?
 - ৮) তিন অঙ্কের বৃহত্তম সংখ্যাকে ৯ দ্বারা ভাগ করলে ভাগফল কত ?
 - ৯) কোনো সংখ্যার তিনগুন ১৮ হলে সংখ্যাটি কত ?
 - ১০) দুইটি সংখ্যার গুণফল ৯১২। একটি সংখ্যার ৫ গুন ৯৫ হলে অপর সংখ্যাটি কত ?
 - ১১) একটি গাণিতিক বাক্যের উদাহরণ লিখ।
 - ১২) প্রক্রিয়া প্রতীকগুলো কী কী?
 - ১৩) ৬,৮,১২ সংখ্যা তিনটির ক্ষেত্রে কোনটি সঠিক।
 - ১৪) যে সকল ভগ্নাংশের লব হর অপেক্ষা বড়, তাকে কী বলে ?
 - ১৫) $৪.৭৬ + ২.৭৭ + ৫.৩২ =$ কত?
 - ১৬) ১ তোলা = কত গ্রাম ?
 - ১৭) কত ঘণ্টায় ২ দিন হয় ?
 - ১৮) সাতজন শিক্ষার্থীর জন্য ট্যালি চিহ্ন কী ?
 - ১৯) রেখা কত প্রকার ?
 - ২০) সমকোণী ত্রিভুজের কতটি কোণ সূক্ষ্মকোণ ?
- ২। ১৬২৫০ একটি সংখ্যা।
- ক) সংখ্যাটি কমা বসিয়ে লেখ।
 - খ) সংখ্যাটি কথায় লিখ।
 - গ) সংখ্যাটিতে ২ ও ৬ এর স্থানীয় মান কত ?
 - ঘ) সংখ্যাটির সঙ্গে ৭ যোগ করে ৫ এর স্থানীয় মান নির্ণয় করো।
- অথবা, ১৬২৫০ একটি সংখ্যা।
- ক) সংখ্যাটিতে কমা বসিয়ে লেখ।
 - খ) সংখ্যাটির সাথে দুই অঙ্কের বৃহত্তম সংখ্যা যোগ করো।
 - গ) সংখ্যাটির অঙ্কগুলোকে $>$ দ্বারা সাজিয়ে লিখ।

৮

৮

ঘ) সংখ্যাটি কথায় লিখ।

৩। ১৩৭৫, ৭১৮২০, ১৫৩৪০ তিনটি সংখ্যা।

ক) প্রথম ও তৃতীয় সংখ্যার যোগফল কত ?

খ) সংখ্যা তিনটি মধ্যে কোনটি ক্ষুদ্রতম ?

গ) দ্বিতীয় সংখ্যা থেকে প্রথম ও তৃতীয় সংখ্যার যোগফল বিয়োগ করলে কত হবে ?

ঘ) তিনটি সংখ্যার যোগফল কত ?

অথবা, একজন শ্রমিক প্রতিদিন ৬৫ টাকা আয় করে। ঐ শ্রমিক মোট ৪ মাস ৫ দিন কাজ করে।

ক) ঐ শ্রমিক ১ মাসে কত আয় করে?

খ) ঐ শ্রমিক মোট কতদিন কাজ করেছিল ?

গ) ঐ শ্রমিক ৪ মাস ৫ দিন কাজ করলে কত টাকা আয় করবে ?

ঘ) ঐ শ্রমিক যদি ১ বছর কাজ করে তাহলে তার আয় কত হবে ?

৪। ৫১, ৬৩ এবং ৯৯ তিনটি দুই অঙ্ক বিশিষ্ট সংখ্যা।

ক) মৌলিক সংখ্যা কী ?

খ) ৫১ সংখ্যাটি মৌলিক না যৌগিক ?

গ) সংখ্যা তিনটির গ.সা.গু নির্ণয় করো।

ঘ) সংখ্যা তিনটির ল.সা.গু নির্ণয় করো।

অথবা, ৩১৬, ১৮৪, ও ১৭২ তিনটি সংখ্যা।

ক) ১ম ও ২য় সংখ্যার যোগফল প্রক্রিয়া প্রতীক ব্যবহার করে প্রকাশ করো।

খ) ২য় ও ৩য় সংখ্যার যোগফল ১ম সংখ্যা থেকে বড় প্রতীকের সাহায্যে প্রকাশ করো।

গ) ১ম সংখ্যার সাথে কত যোগ করলে ২য় ও ৩য় সংখ্যার যোগফলের সমান হবে ?

ঘ) ১ম সংখ্যার অর্ধেক ৩য় সংখ্যা থেকে কত কম ?

৫। $\frac{1}{2}, \frac{1}{3}, \frac{1}{4}, \frac{1}{5}$ চারটি ভগ্নাংশ।

ক) সমহর বিশিষ্ট ভগ্নাংশগুলো লেখ।

খ) যে ভগ্নাংশগুলোর লব একই তা লিখ।

গ) ১ম ও ৩য় ভগ্নাংশ দুটির মধ্যে কোনটি বড়।

ঘ) ২য় ভগ্নাংশটির দুটি সমতুল ভগ্নাংশ লেখ।

অথবা, $\frac{1}{2}$ একটি সাধারণ ভগ্নাংশ।

ক) ভগ্নাংশটির লব ও হর কত এবং ভগ্নাংশটি কথায় লিখ।

খ) ভগ্নাংশটির তিনটি সমতুল ভগ্নাংশ বের করো।

গ) সমতুল ভগ্নাংশ তিনটিকে সমহররূপে প্রকাশ করো।

ঘ) $\frac{1}{2}$ এর সাথে $\frac{1}{3}$ যোগ করলে যোগফল কত হবে ?

৬। নিচের সংখ্যাগুলোকে কতটি ০.০০১ দ্বারা গঠিত ?

(১) ১.০৪৭ (২) ৭.৩২

অথবা, উপরের নিচে হিসাব করো :

$$\begin{array}{r} ১। ১. ২ \\ + ৩. ৬ \\ \hline ২। ২. ৮ \\ + ১. ৫ \\ \hline \end{array}$$

৮

৮

৮

৮

৮

৬

৬

৭। ক) নিচের উল্লেখিত কোনগুলো একটি চাঁদার সাহায্যে আঁক।

(১) ২৫° (২) ১৭৫°

খ) সংজ্ঞা লিখ : (যেকোনো ২টি)

সমান্তরাল সরলরেখা, কোণ, সূক্ষ্মকোণ, প্রবৃদ্ধ কোণ।

৮। একটি রাস্তার দৈর্ঘ্য ৬ কিলোমিটার ৩৭৫ মিটার।

ক) ৫ মিটার = কত সেন্টিমিটার ?

খ) রাস্তার দৈর্ঘ্য কত মিটার ?

গ) রাস্তার দৈর্ঘ্যকে ইঞ্চিতে প্রকাশ করো।

ঘ) রাস্তাটির পরিসীমা কত ?

অথবা, একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ২ মিটার এবং প্রস্থ ৫০ মিটার।

ক) আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য কত সেন্টিমিটার ?

খ) আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল কীভাবে বের করবে ?

গ) আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল কত ?

ঘ) প্রস্থ ১ মিটার বাড়ানো হলে নতুন আয়তক্ষেত্রের ক্ষেত্রফল বের করো।

৯। পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৬৮ বছর। পিতার বয়স পুত্রের বয়সের ৩ গুণ।

ক) পিতা ও পুত্রের বয়সের সমষ্টি পুত্রের বয়সের কত গুণ ?

খ) পিতা ও পুত্রের বর্তমান বয়স কত ?

গ) পুত্রের বয়স পিতার বয়স অপেক্ষা কত কম ?

ঘ) ১০ বছর পর তাদের বয়সের সমষ্টি বের করো।

অথবা, ১০০টি আম ১০ জনের মধ্যে সমান ভাগে ভাগ করে দেওয়া হলো। মোট আমের মূল্য ৫০০ টাকা

ক) প্রত্যেকে কয়টি করে আম পাবে ?

খ) প্রতিটি আমের মূল্য কত ?

গ) প্রত্যেকে কত টাকার আম পেল ?

ঘ) ১০০ জনকে দিতে কতটি আম প্রয়োজন ?

১০। সিফাত ২০১৪ সালের ২০ জানুয়ারি তার ১০ বছর বয়স পূর্ণ করল। ঐ দিন রাত ৮:৩০ মিনিটে সে পরিবারের সবার সাথে জন্মদিনের কেক কাটল।

ক) ২০১৪ সাল কী অধিবর্ষ ?

খ) ঐ সালের ফেব্রুয়ারি মাস কত দিনের ?

গ) সিফাতের জন্মসাল কত ?

ঘ) সিফাতের কেক কাটার সময়কে আন্তর্জাতিক রীতিতে প্রকাশ করো।

অথবা, একটি প্লেন কোন শহর ১১:৫০ মিনিটে ত্যাগ করে ১৫:১৫ মিনিটে গন্তব্যে পৌঁছায়।

ক) ১২ ঘণ্টা সময়সূচী অনুযায়ী প্লেনটি কখন গন্তব্যে পৌঁছায়।

খ) প্লেনটি কত ঘণ্টা এবং কত মিনিট ভ্রমণ করলো।

গ) খারাপ আবহাওয়ার কারণে প্লেনটি ছাড়তে ৫০ মিনিট বিলম্ব হলে কখন গন্তব্যে পৌঁছাবে?

১১। মাসুদা বেগমের ৩ মাস ৩ সপ্তাহ ১২ দিনের ছুটি পাওনা রয়েছে। তিনি ২ মাস ৪ সপ্তাহ ৩ দিনের ছুটি নিলেন। মাসুদা বেগম আরও কত দিনের ছুটি নিতে পারবেন ? (১ মাস = ৩০ দিন)

৪

৬

৮

৮

৮

৮

৮

